# হরমুজে মার্কিন ডুবযান আটকের দাবি ইরানের, অস্বীকার যুক্তরাষ্ট্রের



ছবি: সংগৃহীত

হরমুজ প্রণালিতে একটি মার্কিন স্বয়ংক্রিয় ডুবযান আটক করার দাবি করেছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)। তবে ইরানের এ দাবি নাকচ করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী।

রোববার (২৭ সেপ্টেম্বর) আইআরজিসি জানায়, তাদের নৌবাহিনী অত্যাধুনিক প্রযুক্তির একটি অটোনোমাস আন্ডারওয়াটার ভেহিকেল (এইউভি) আটক করেছে। আইআরজিসির মুখপাত্র ব্রিগেডিয়ার জেনারেল হোসেইন মোহেবি এক্সে দেওয়া বার্তায় বলেন, হরমুজ প্রণালিতে মার্কিন ডুবযান শনাক্ত ও আটকের সক্ষমতা তাদের রয়েছে।

মোহেবির দাবি, আটক ডুবযানটির নাম 'এমকে ১৮ মড ২ কিংফিস'। কয়েক মিলিয়ন ডলার মূল্যের এই যানে উন্নত নেভিগেশন ব্যবস্থা রয়েছে বলেও জানান তিনি। এটিকে গোয়েন্দা তথ্য সংগ্রহের বড় সুযোগ হিসেবে উল্লেখ করেন আইআরজিসির এই কর্মকর্তা।

তবে আল জাজিরাকে দেওয়া সাক্ষাৎকারে মার্কিন সামরিক বাহিনীর এক মুখপাত্র বলেন, তাদের সব ইউএভির ওপর যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণ রয়েছে। হরমুজে কোনো মার্কিন সাবমেরিন ড্রোন আটকের ইরানি দাবিকে তিনি প্রত্যাখ্যান করেন।

এর আগে চলতি মাসের শুরুতেও একই জলপথে একটি মার্কিন মানববিহীন ডুবযান আটকের দাবি করেছিল আইআরজিসি। তখন ইরানি সংবাদমাধ্যম জানিয়েছিল, সেটি 'ডাইভ-এলডি' নামের একটি ডুবযান, যা ক্যালিফোর্নিয়াভিত্তিক প্রতিরক্ষা প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যান্ডুরিল তৈরি করেছে।

ওই ঘটনায় পেন্টাগন জানিয়েছিল, ড্রোনটি এক দিনের বেশি সময় আগে বিকল হয়ে পড়েছিল। সামরিক অভিযানে সহায়তার জন্য আঞ্চলিক জলসীমা পর্যবেক্ষণে এটি ব্যবহার করা হলেও সেটি পুরোনো মডেলের এবং কোনো সংবেদনশীল তথ্য সংগ্রহের সক্ষমতা ছিল না বলে জানিয়েছিল মার্কিন প্রতিরক্ষা দফতর।